সমকাল

তারিখ . . 12. APR. 2015 . . .
পৃষ্ঠা . . . ৯ . . . কলাম . . . ৭ . . . . . .

# মতলবে কমিটি গঠন দ্বন্দ্বে মাদ্রাসায় তালা

■ মতলব (চাঁদপুর) প্রতিনিধি

উপজেলার বদরপুর দাখিল মাদ্রাসায় কমিটি গঠন দ্বন্দ্বে শ্রেণীকক্ষে তালা লাগিয়ে মাদ্রাসা সুপারকে (প্রধান শিক্ষক) অবরুদ্ধ করে বিক্ষোভ প্রদর্শন করেছে এলাকাবাসী। শনিবার সকালে এ ঘটনা ঘটে।

স্থানীয়রা জানান, মাদ্রাসা সুপার আবদুছ ছোবহান ও সভাপতি সফিউল্ল্যা পাটোয়ারী কিরণ কোনো প্রকার প্রচার প্রচারণা ছাড়াই নিজেদের পছন্দের লোক দিয়ে পরিচালনা কমিটি গঠন করেন। এ কমিটি বাতিলের দাবিতে শনিবার এলাকাবাসী বিক্ষোভ প্রদর্শন করে মাদ্রাসায় তালা লাগিয়ে সুপারকে অবরুদ্ধ করে রাখে।